

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন


মান ভবন

১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) মাসিক প্রতিবেদন।

মাসের নাম: জানুয়ারি, ২০২২ খ্রিঃ।

বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা		মোট (১+২)	পূর্বের জের	মোট অভিযোগ (৩+৪)	বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা	নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	অনিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ	মন্তব্য (%)সহ
পত্র/দরখাস্ত যোগে	অনলাইনে/টেলিফোনে							
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
১	১	২	-	২	২	বিবরণ নিম্নে প্রদান করা হলো।	-	-


০২/০২/২০২২

(মোঃ রিয়াজুল হক)
উপপরিচালক (সিএম)
বিএসটিআই, ঢাকা

নিষ্পত্তিকৃত অভিযোগের বিবরণ: (১) নাম প্রকাশে অনিচ্ছুক জনৈক ব্যক্তি টেলিফোনে অভিযোগ করেন যে, মাতিনা ফুড প্রোডাক্টস, উত্তরা, ঢাকায় বিএসটিআই'র অনুমোদন এবং ছাড়পত্রবিহীন আমদানিকৃত পণ্য বিক্রয় বিতরণ করা হচ্ছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে অভিযোগের সত্যতা পাওয়ায় অনুমোদনহীন শ্যাম্পু ও চকোলেট পণ্য বিক্রির অপরাধে গত ১৮.০১.২০২২ খ্রিঃ তারিখে প্রতিষ্ঠানটিতে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ৬০,০০০.০০ (ষাট হাজার) টাকা জরিমানা আদায় করা হয় এবং অনুমোদনহীন পণ্য বিক্রি না করার নির্দেশ প্রদান করা হয়।

(২) শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে মাদার ডেইরি ফুড প্রোডাক্টস এর স্বত্বাধিকারী জনাব অজিত কুমার ঘোষ অভিযোগ এর অভিযোগ পাওয়া যায়। অভিযোগে তিনি জানান যে, “লক্ষীপুর জেলার রামগঞ্জ থানার সোনাপুর বাজারসহ রামগঞ্জ থানার বিভিন্ন বাজারে” তার প্রতিষ্ঠানের বেস্ট-১ ও গোয়ালার ব্র্যান্ডের নকল ঘি বাজারজাত হচ্ছে। উক্ত অভিযোগের প্রেক্ষিতে বিএসটিআই জেলা অফিস, কুমিল্লার মাধ্যমে রামগঞ্জ থানার বিভিন্ন বাজার সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দুয়েকটি দোকানে বেস্ট-১ ও গোয়ালার ব্র্যান্ডের ঘি বিক্রয় করতে দেখা যায় এবং উক্ত ঘি জব্দ করা হয়েছে। ঘি সরবরাহকারীকে সনাক্ত করা সম্ভব হয়নি। বিক্রেতাগণকে সতর্ক এবং ঘি সরবরাহকারীর পরিচয় ও ঠিকানা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। ঘি সরবরাহকারীকে সনাক্ত করার চেষ্টা অব্যাহত রয়েছে এবং সনাক্ত হলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

